# ফিক্সড ইনকাম স্ট্রাকচার্ড প্রোডাক্ট এগ্রিমেন্ট

এই ফিক্সড ইনকাম স্ট্রাকচার্ড প্রোডাক্ট এগ্রিমেন্টটি ("চুক্তি") www.instaforex.com ওয়েবসাইটে উপস্থাপিত ইনস্টাফরেক্স (এরপর থেকে "প্রোভাইডার" হিসাবে উল্লেখ করা হয়েছে) এবং, কোন স্বাভাবিক ব্যক্তি বা আইনি সত্তার মধ্যে সম্পন্ন করা হয়েছে। উল্লেখ্য যে এই স্বাভাবিক ব্যক্তি বা আইনি সত্তার নিবন্ধনের তথ্য প্রোভাইডারের সিস্টেমে অ্যাকাউন্ট প্রোফাইলে (এরপর থেকে "বিনিয়োগকারী" হিসাবে উল্লেখ করা হয়েছে) লিপিবদ্ধ রয়েছে। প্রোভাইডার এবং বিনিয়োগকারীকে যৌথভাবে "পক্ষ" হিসেবে উল্লেখ করা হয়েছে।

**প্রোডাক্টের বিবরণ**

ফিক্সড ইনকাম স্ট্রাকচার্ড প্রোডাক্ট ("প্রোডাক্ট") নিশ্চিত মুনাফাসম্পন্ন কাঠামোবদ্ধ স্থির আয়ের জন্য বিনিয়োগের প্রতিনিধিত্ব করে। এই ধরনের বিনিয়োগে নির্দিষ্ট পরিমাণ অর্থ বিনিয়োগ করতে হয় এবং কপি ট্রেডিং সিস্টেম "ফরেক্সকপি" এর সাবস্ক্রিপশন নিতে হয়। এই চুক্তির উদ্দেশ্য অনুযায়ী, বিনিয়োগকারীকে মূল ট্রেডিং অ্যাকাউন্ট ছাড়াও বিনিয়োগের জন্য আরেকটি অ্যাকাউন্ট খুলতে হবে।

প্রোভাইডার বিনিয়োগের পরিমাণের উপর ভিত্তি করে ন্যূনতম 50% মুনাফার গ্যারান্টি প্রদান করে, যা কপি ট্রেডিংয়ের ছয় মাস পরে হিসাব করা হয়, এমনকি লোকসানের ক্ষেত্রেও, গ্যারান্টি প্রক্রিয়ার শর্তসমূহ পূরণ করা সাপেক্ষে বিনিয়োগকারীর বিনিয়োগ অ্যাকাউন্টে অতিরিক্ত তহবিল ("রিটার্নের পরিমাণ") প্রদান করা হয়।

এই প্রোডাক্টে 6 (ছয়) মাসের জন্য বিনিয়োগ করা হয় এবং বিনিয়োগ অ্যাকাউন্ট থেকে নির্দিষ্ট সময়সীমা পূরণের আগেই তহবিল উত্তোলনের ক্ষেত্রে, প্রাথমিক বিনিয়োগের 50% জরিমানা করা হয়, সেইসাথে নির্দিষ্ট সময়ের মধ্যে জমা হওয়া সকল আয় বাতিল হিসেবে গণ্য হয়। প্রোডাক্টটিতে "ফরেক্সকপি" সিস্টেমে সক্রিয় ট্রেডিং অ্যাকাউন্টগুলোর সাবস্ক্রিপশনের সময়কালকে বিবেচনা করা হয়। অ্যাকাউন্ট তৈরির পরে "ফরেক্সকপি" সাবস্ক্রিপশনের সাথে সক্রিয়ভাবে ট্রেডিং করা না হলে সেই সময়কালও এই প্রোডাক্টে গণ্য করা হয় না।

**গ্যারান্টি প্রক্রিয়া**

প্রোভাইডার নিম্নলিখিত শর্তাবলী অনুযায়ী অতিরিক্ত পরিমাণ রিটার্ন প্রদান করার মাধ্যমে ন্যূনতম মুনাফা নিশ্চিত করে:

- নির্ধারিত পরিমাণ রিটার্ন পাওয়ার জন্য, অন্যান্য গ্রাহকদের এই প্রোডাক্ট ক্রয় করতে আকৃষ্ট করতে হবে।
- এই প্রোডাক্টটিতে সেইসকল আকৃষ্ট গ্রাহকদের অ্যাকাউন্টের তহবিলের পরিমাণ বিবেচনা করা হয় যারা অ্যাফিলিয়েট কোড ব্যবহার করে "ফরেক্সকপি" সিস্টেমে সাবস্ক্রিপশন সক্রিয় করেছে এবং নির্দিষ্ট সংখ্যক লটের লেনদেন সম্পন্ন করেছে।
- আকৃষ্ট বিনিয়োগকারীদের বিনিয়োগের পরিমাণ অবশ্যই রিটার্নের পরিমাণের 400% বেশি হতে হবে।
- প্রোডাক্ট ব্যবহার করার সময় কপি ট্রেডিং সিস্টেমে আকৃষ্ট বিনিয়োগকারীদের মোট লেনদেনের পরিমাণ অবশ্যই মার্কেট লটের সংখ্যার চেয়ে কম হওয়া যাবে না, যা প্রদেয় মুনাফার পরিমাণের

0.2 (বা ফরেক্সলটের ক্ষেত্রে 2, যেহেতু ফরেক্সলট মার্কেট লটের চেয়ে 10 গুণ কম) গুণ হতে হবে।

- প্রোভাইডার এই প্রোডাক্ট ব্যবহারের জন্য অ্যাকাউন্টে প্রয়োজনীয় "ফরেক্সকপি" সাবস্ক্রিপশন ব্যালেন্সের পরিমাণ এবং ক্লোজ করা লটের সংখ্যা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

বিস্তারিত হিসাবের উদাহরণের জন্য, অনুগ্রহ করে, পরিশিষ্ট I-এর টেবিলটি দেখে নিন।

## ঝুঁকি সংক্রান্ত সতর্কতা

বিনিয়োগকারী স্বীকার করছে এবং বুঝতে পেরেছে যে, নিশ্চিত রিটার্ন সত্ত্বেও, সকল বিনিয়োগেই অন্তর্নিহিত ঝুঁকি রয়েছে। প্রোভাইডার এই বিনিয়োগের সাথে সম্পর্কিত সম্ভাব্য ঝুঁকিসমূহের রূপরেখা বিশদ আকারে প্রদান করেছে।

## মেয়াদ এবং সমাপ্তি

বিনিয়োগকারী যে তারিখে প্রোভাইডারের ওয়েবসাইটের পারসোনাল কেবিনেটে বিনিয়োগের জন্য অ্যাকাউন্ট খুলবে সেই তারিখ থেকে এই চুক্তিটি কার্যকর হওয়া শুরু হবে, এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত এই চুক্তি কার্যকর থাকবে৷

এই চুক্তি অন্য পক্ষকে লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে উভয় পক্ষের দ্বারা বাতিল করা যেতে পারে। নোটিশে উল্লিখিত তারিখ থেকে এই চুক্তির অবসান কার্যকর হবে, যা আইনিভাবে প্রয়োজনীয় বা এই চুক্তিতে উল্লিখিত ন্যূনতম নোটিশের সময়ের চেয়ে কম হবে না। 6 (ছয়) মাসের আগে এই চুক্তির সমাপ্তির ক্ষেত্রে এবং নির্ধারিত মেয়াদের আগেই বিনিয়োগ অ্যাকাউন্ট থেকে তহবিল উত্তোলনের ক্ষেত্রে, প্রাথমিক বিনিয়োগের 50% জরিমানা করা হবে এবং এই সময়ের মধ্যে সঞ্চিত সকল মুনাফা বাতিল করা হবে।

এই চুক্তির সমাপ্তির পরে, গোপনীয়তা সংক্রান্ত বাধ্যবাধকতা এবং অন্য কোন বিধান যা সেগুলোর ধরন অনুযায়ী এই চুক্তির সমাপ্তির পরও বলবৎ থাকা উচিত তা সম্পূর্ণরূপে এবং কার্যকরভা বে বলবৎ থাকবে।

## সরকার কর্তৃক নির্ধারিত আইন

এই চুক্তিটি ব্রিটিশ ভার্জিন দ্বীপপুঞ্জের আইন অনুসারে পরিচালিত হবে। এই চুক্তিটি উভয় পক্ষের দ্বারা স্বাক্ষরের ভিত্তিতে শুধুমাত্র লিখিতভাবে সংশোধন করা যেতে পারে।

## চূড়ান্ত বিধান

প্রোভাইডারের ওয়েবসাইটে উল্লিখিত চুক্তির শর্তাবলীর প্রতি সম্মতি প্রদানের মাধ্যমে, বিনিয়োগকারী এই মর্মে নিশ্চয়তা প্রদান করছে যে তারা এই চুক্তিতে যুক্ত হওয়ার আইনি ক্ষমতাসম্পন্ন এবং আরও নিশ্চিত করছে যে এই চুক্তিতে প্রবেশ করার জন্য তাদের প্রয়োজনীয় কর্তৃত্ব রয়েছে৷ বিনিয়োগকারী আরও নিশ্চিত করছেন যে তারা এই চুক্তির সাথে জড়িত সম্ভাব্য ঝুঁকির ব্যাপারে সম্পূর্ণভাবে সচেতন এবং তারা জানেন যে বিনিয়োগকৃত অর্থ কমতে এবং বাড়তে পারে, এবং তারা মূল বিনিয়োগের অর্থ ফেরত নাও পেতে পারে।

সেইসাথে, বিনিয়োগকারী সম্মতি প্রদান করছেন যে ওয়েবসাইটের টিকবক্সে ক্লিক করার মাধ্যমে, তারা ইলেকট্রনিকভাবে এই চুক্তিতে স্বাক্ষর করছেন এবং তারা জানেন যে এই ইলেকট্রনিক এক্সেপ্টেন্স যেকোন

কাগজের নথিতে স্বহস্তে প্রদান করা স্বাক্ষরের মতো একই ধরনের আইনি প্রভাব বিস্তার করে। চেকবক্সে টিক দিয়ে, বিনিয়োগকারী এই চুক্তির শর্তাবলীর সাথে আবদ্ধ হতে সম্মতি প্রদান করছেন।

**পরিশিষ্ট I হিসাবের উদাহরণ**

| **বিনিয়োগের পরিমাণ:** | | | | 10000 মার্কিন ডলার | | |
|---|---|---|---|---|---|---|
| প্রকৃত লাভজনকতা | মেয়াদ শেষে পরিমাণ | রিটার্নের শতাংশ | রিটার্নের পরিমাণ | রিটার্নের পর পরিমাণ | আকৃষ্ট বিনিয়োগের পরিমাণ, $ | আকৃষ্ট গ্রাহকদের কাছ থেকে লেনদেনের প্রয়োজনীয় পরিমাণ |
| -100% | $0,00 | 1100,00% | $110 000,00 | $110 000,00 | $440 000,00 | 22000 |
| -50% | $5 000,00 | 1050,00% | $105 000,00 | $110 000,00 | $420 000,00 | 21000 |
| -25% | $7 500,00 | 1025,00% | $102 500,00 | $110 000,00 | $410 000,00 | 20500 |
| 0% | $10 000,00 | 1000,00% | $100 000,00 | $110 000,00 | $400 000,00 | 20000 |
| 10% | $11 000,00 | 990,00% | $99 000,00 | $110 000,00 | $396 000,00 | 19800 |
| 25% | $12 500,00 | 975,00% | $97 500,00 | $110 000,00 | $390 000,00 | 19500 |
| 50% | $15 000,00 | 950,00% | $95 000,00 | $110 000,00 | $380 000,00 | 19000 |
| 75% | $17 500,00 | 925,00% | $92 500,00 | $110 000,00 | $370 000,00 | 18500 |
| 100% | $20 000,00 | 900,00% | $90 000,00 | $110 000,00 | $360 000,00 | 18000 |
| 150% | $25 000,00 | 850,00% | $85 000,00 | $110 000,00 | $340 000,00 | 17000 |
| 200% | $30 000,00 | 800,00% | $80 000,00 | $110 000,00 | $320 000,00 | 16000 |
| 300% | $40 000,00 | 700,00% | $70 000,00 | $110 000,00 | $280 000,00 | 14000 |

| বিনিয়োগের পরিমাণ: | | | | 50000 মার্কিন ডলার | | |
|---|---|---|---|---|---|---|
| প্রকৃত লাভজনকতা | মেয়াদ শেষে পরিমাণ | রিটার্নের শতাংশ | রিটার্নের পরিমাণ | রিটার্নের পর পরিমাণ | আকৃষ্ট বিনিয়োগের পরিমাণ, $ | আকৃষ্ট গ্রাহকদের কাছ থেকে লেনদেনের প্রয়োজনীয় পরিমাণ |
| -100% | $0,00 | 1100,00% | $550 000 | $550 000 | $2 200 000 | 110 000 |
| -50% | $25 000,00 | 1050,00% | $525 000 | $550 000 | $2 100 000 | 105 000 |
| -25% | $37 500,00 | 1025,00% | $512 500 | $550 000 | $2 050 000 | 102 500 |
| 0% | $50 000,00 | 1000,00% | $500 000 | $550 000 | $2 000 000 | 100 000 |
| 10% | $55 000,00 | 990,00% | $495 000 | $550 000 | $1 980 000 | 99 000 |
| 25% | $62 500,00 | 975,00% | $487 500 | $550 000 | $1 950 000 | 97 500 |
| 50% | $75 000,00 | 950,00% | $475 000 | $550 000 | $1 900 000 | 95 000 |
| 75% | $87 500,00 | 925,00% | $462 500 | $550 000 | $1 850 000 | 92 500 |
| 100% | $100 000,00 | 900,00% | $450 000 | $550 000 | $1 800 000 | 90 000 |
| 150% | $125000,00 | 850,00% | $425 000 | $550 000 | $1 700 000 | 85 000 |
| 200% | $150 000,00 | 800,00% | $400 000 | $550 000 | $1 600 000 | 80 000 |
| 300% | $200 000,00 | 700,00% | $350 000 | $550 000 | $1 400 000 | 70 000 |